

# তদ্বির ও দুর্নীতির মাধ্যমে প্রাথমিকের ২৪ কোটি টাকার অপাঠ্য ও শিশুদের অনুপযোগী বই নির্বাচন

শরিফুজ্জামান পিটু

শিশুদের জন্য সম্পূর্ণ পাঠ্য নির্বাচনে প্রথম দফায় নয় কোটি টাকা মূল্যের বইয়ের তালিকা নিয়ে সমালোচনার ঝড় উঠলেও সংশ্লিষ্টদের টনক নড়েনি। বরং দ্বিতীয় দফায় একই তালিকা থেকে আরও ১৫ কোটি টাকার বই কেনার আয়োজন করা হচ্ছে। এর ফলে দেশের অখ্যাত লেখক, নকলবাজ প্রকাশকদের দৌরাঙ্ক বেড়ে গেছে। রাজনৈতিক তদ্বির ও দুর্নীতির মাধ্যমে প্রাথমিকের মোট ২৪ কোটি টাকা মূল্যের বেশির ভাগ অপাঠ্য এবং শিশুদের পড়ার অনুপযোগী বই নির্বাচিত করা হয়েছে। এর ফলে যেসব লেখক-প্রকাশকের বই কেউ পয়সা দিয়ে কেনে না তাদের রাতারাতি বড়লোক হবার সুযোগ সৃষ্টি হয়েছে। এদিকে প্রাথমিকের পাশাপাশি শিক্ষা মন্ত্রণালয়ে চলছে স্কুল, কলেজ ও মাদ্রাসার জন্য প্রায় আড়াই কোটি টাকার

সৃজনশীল বই নির্বাচনের কাজ। দেশের লেখক ও প্রকাশকদের দৃষ্টি এখন শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দিকে। প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও মাদ্রাসার জন্য এই মুহূর্তে দুই মন্ত্রণালয়ে মোট ২৬ কোটি ৫০ লাখ টাকা

## অখ্যাত লেখক, নকলবাজ প্রকাশকদের দৌরাঙ্ক

মূল্যের বই কেনার প্রক্রিয়া চলছে। শিশুদের সম্পূর্ণ পাঠ্য ও সৃজনশীল বই নির্বাচন, তালিকাভুক্তি এবং টেন্ডার নিয়ে শুরু হয়েছে ব্যাপক তদ্বির, দুর্নীতি ও দলীয়করণ। প্রাথমিকের প্রথম দফায় তালিকাভুক্ত নয় কোটি টাকার বই কেনার টেন্ডার প্রক্রিয়া কেন স্থগিত

(১১-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

৩৬

## ওয়ার্ডবয়ের মৃত্যু নিয়ে গ্রামবাসীর লাঠি মিছিল এসপির অফিস ঘেরাও

রংপুর, ১৭ জুন, নিজস্ব সংবাদদাতা ॥ রংপুর মেডিক্যাল কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে উষ্টরস কোয়ার্টারে এক ক্লিনিক মালিকের ফ্ল্যাটে ওই ক্লিনিকেরই এক ওয়ার্ড বয়ের লাশ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে রংপুর আবারও উত্তপ্ত হয়ে উঠছে। ওয়ার্ড বয় আহাদ হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং হত্যাকারীদের গ্রেফতার দাবিতে গ্রামবাসী সোমবার লাঠি মিছিল নিয়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের কার্যালয় ঘেরাও করে স্মারকলিপি প্রদান করেছে। অপরদিকে চিকিৎসকদের সংগঠন বিএমএ সোমবার কালো ব্যাজ ধারণ, হাসপাতালে আড়াই ঘণ্টা প্রতীক কর্মবিরতি পালন, মিছিল-সমাবেশ, এসপি অফিসে স্মারকলিপি প্রদান ছাড়াও বিকালে কলেজের কনফারেন্স কক্ষে এক সাংবাদিক সম্মেলনে প্রকৃত হত্যাকারীদের গ্রেফতার দাবিতে এবং নিরপরাধ গ্রেফতারকৃত ডা. সাইদ, দারোয়ান মুকুলের মুক্তি ও ডা. সাইদ এবং তাঁর স্ত্রী ডা. ফেরা মমতাজ ও মুকুলের নামে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বিভিন্ন কর্মসূচী ঘোষণা করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে অবিলম্বে তাদের নিঃশর্ত মুক্তি দেয়া না হলে আজ মঙ্গলবার থেকে রংপুর মেডিক্যাল



শোক প্রদর্শনীতে দর্শকরা

-জনকণ্ঠ

## মএল ত্রিপাঠি

তে ভারত গ্যাস ও  
দেশের কাছে  
করে